

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.৫১

২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ওএমএস (উপজেলা) কার্যক্রমে এপ্রিল ২০২৬ মাসে চাল বিক্রয়ের অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে এপ্রিল ২০২৬ মাসে মোট ২০ কর্মদিবসে ওএমএস (উপজেলা) কার্যক্রমের আওতায় ৩৯৫টি উপজেলায় $৩৯৫ \times ১.০০ \times ২০ = ৭,৯০০$ মে. টন চাল এবং পার্বত্য চট্টগ্রামের ২৩টি উপজেলায় $২৩ \times ০.৫ \times ২০ = ২৩০$ মে. টন চালসহ সর্বমোট ৮,১৩০ (আট হাজার একশত ত্রিশ) মে. টন চাল নিম্নোক্ত শর্তে বরাদ্দ অনুমোদন করা হলো:

শর্তসমূহ:

(ক) ১লা এপ্রিল ২০২৬ হতে ভোক্তাদের মাঝে ভর্তুকি মূল্যে চাল বিক্রয়ের লক্ষ্যে তালিকাভুক্ত ডিলারগণ ৩১ মার্চ ২০২৬ হতে গুদাম হতে চাল উত্তোলন করতে পারবেন এবং ২৬ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত বরাদ্দকৃত সমুদয় চাল গুদাম হতে উত্তোলন করতে হবে।

(খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক সংশ্লিষ্ট ডিলারের মাধ্যমে সপ্তাহে ন্যূনতম ০২ দিন প্রতিটি বিক্রয় কেন্দ্রের আশেপাশের এলাকায় মাইক যোগে ভর্তুকি মূল্যে চাল বিক্রয়ের বিষয়ে জোরালোভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহে এবং ইউনিয়ন পরিষদসমূহের নোটিশ বোর্ডে ৩০/- টাকা কেজি দরে চাল বিক্রয়ের দিন ও স্থানের বিষয়ে নোটিশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে চাল উত্তোলনের সুবিধার্থে সারাদেশের গুদামসমূহে চলাচল সূচি অনুযায়ী চালের মজুত নিশ্চিত করার জন্য পরিচালক (চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ) কে নির্দেশনা প্রদান করা, যাতে গুদামে চালের মজুত স্বল্পতার কারণে চাল উত্তোলনের সময়সীমা বর্ধিত করতে না হয়;

(ঙ) ডিলারের বিক্রয় কার্যক্রম মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট ওএমএস কমিটিকে নির্দেশনা প্রদান করতে হবে;

(চ) উপজেলা পর্যায়ে নিয়োগকৃত ডিলার না থাকার ক্ষেত্রে, খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার হিসেবে লটারিতে/ বা এককভাবে ডিলার হিসেবে বিবেচিত হয়েছেন কিন্তু এখনো পর্যন্ত খাদ্যশস্য উত্তোলনের জন্য কার্যাদেশ দেয়া হয়নি, এমন ডিলারের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে উপজেলা পর্যায়ের চাল বিতরণ করতে হবে; এবং

ছ) পরিচালক (সরবরাহ, বণ্টন ও বিপণন) প্রতি মাসের খাদ্যশস্য উত্তোলনের তথ্য আবশ্যিকভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

০২। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চলমান পাতা - ১/২

১১-০৩-২০২৬

জয়নাল মোল্লা

উপসচিব

ফোন : +৮৮০২৯৫১৪৬১৬

ফ্যাক্স : +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল : dssupply1@mofood.gov.bd

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.৫১/১ (৮)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৭। পরিচালক (চলতি দায়িত্ব), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর এবং
- ৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।



১১-০৩-২০২৬

জয়নাল মোল্লা

উপসচিব

চলমান পাতা - ২/২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
বস্টন শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫২.৯৯.০০০৬.২৫.২৪০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ওএমএস (উপজেলা) কার্যক্রমে এপ্রিল ২০২৬ মাসে চাল বিক্রয়ের অনুমোদন।

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্রটি নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।

১২-০৩-২০২৬
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫২.৯৯.০০০৬.২৫.২৪০/১ (৭)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক (চলতি দায়িত্ব), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। উপসচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল) এবং
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।



Arif

১২-০৩-২০২৬

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক